**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন রাজ্যসরকার চা প্রক্রিয়াকরণ শিল্পের আধুনিকীকরণে পদক্ষেপ নিয়েছে।**

**(২) হস্ততাঁত হস্তকারু ও রেশম শিল্প মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, তাঁত শিল্প ভারতের গ্রামীণ এলাকায় জীবিকার একটি গুরুত্বপূর্ণ উৎস।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত কৃষক, মৎস্যজীবি এবং গো-পালকদের স্বার্থের সঙ্গে কখনও আপস করবে না।**

**(৪) কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং আজ নতুনদিল্লিতে সন্ত কবীর হস্তচালিত তাঁত পুরস্কার এবং জাতীয় হস্তচালিত তাঁত পুরস্কার ২০২৫ প্রদান করেন।**

*********************************************

**Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন রাজ্যসরকার চা প্রক্রিয়াকরণ শিল্পের আধুনিকীকরণে পদক্ষেপ নিয়েছে। আজ সিমনায় ব্রহ্মকুন্ড চা বাগান পরিদর্শনকালে তিনি সংবাদ মাধ্যমের কাছে একথা বলেন। রাজ্যপাল ব্রহ্মকুন্ড চা প্রক্রিয়াকরণ কেন্দ্রটি পরিদর্শন করেন এবং চা বাগান কর্মীদের সঙ্গে মত বিনিময় করেন। চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীররঞ্জন ঘোষ ব্রহ্মকুন্ড চা বাগানের প্রক্রিয়াকরণ কেন্দ্রটি সম্পর্কে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Handloom Day :**

আজ ১১তম জাতীয় হস্তত াঁত দিবস। এ উপলক্ষ্যে আগরতলার প্রজ্ঞাভবনে এক কর্মশালায় হস্তত াঁত হস্তকারু ও রেশম শিল্প মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, জাতীয় হস্তত াঁত দিবস কেবল একদিনের অনুষ্ঠান নয়। এটি আমাদের সংস্কৃতি, ঐতিহ্য এবং স্থানীয় শিল্পের প্রতি শ্রদ্ধা জানানোর একটি অনন্য সুযোগ। তিনি বলেন, ত াঁত শিল্প ভারতের গ্রামীণ এলাকায় জীবিকার একটি গুরুত্বপূর্ণ উৎস। তিনি বলেন এটি এমন একটি ক্ষেত্র যা সরাসরি নারীর ক্ষমতায়নের সঙ্গে সম্পর্কিত। অনুষ্ঠানে হস্তত াঁত ও হস্ত শিল্প দপ্তরের অধিকর্তা অজিত শুক্লদাস, পদ্মশ্রী প্রাপ্ত স্মৃতি রেখা চাকমা প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে আজ সন্ধ্যায় আগরতলায় পূর্বাশাতে সপ্তাহব্যাপী হ্যান্ডলুম এক্সপোর উদ্বোধন করেন মন্ত্রী বিকাশ দেববর্মা।

***************************

**Minister Sudhangshu Das :**

কেন্দ্রীয় সরকারের রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার "সাব-মিশন অন এগ্রিকালচারেল ম্যাকেনাইজেশন" এর অর্থানুকুল্যে আজ ঊনকোটি জেলার ফটিকরায়ে কৃষকদের মধ্যে বিনামূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ হয়। কর্মসূচির উদ্বোধন করেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ,কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ প্রমুখ। অনুষ্ঠানে ৫৯ জন কৃষককে বিনামূল্যে কৃষি সামগ্রী প্রদান করা হয়।

***************************

**Minister Tinku Ray & Santana Chakma :**

তেলিয়ামুড়ার চাকমাঘাটে মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত লরি চালক মিহির লাল দেবনাথের পরিবারের হাতে আর্থিক সহায়তা হিসেবে আজ রাজ্য সরকারের পক্ষ থেকে ৬ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়। সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায় এবং শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা আজ কাঞ্চনপুরের দশদা বড়হলদিতে নিহত লরি চালকের বাড়িতে যান ও ত াঁর পরিবার

পরিজনদের প্রতি গভীর শোক ও সমবেদনা জানান। মন্ত্রীগণ এই পরিবারটিকে রাজ্য সরকারের পক্ষ থেকে ভবিষ্যতে সব ধরনের সহযোগিতা প্রদান হবে বলে আশ্বাস দেন। সেখানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান এবং কাঞ্চনপুর মহকুমা শাসক ডঃ দীপক কুমার।

এদিন, রাজ্য বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী রায় আজ নিহত পরিবারের বাড়িতে গিয়ে ৫০ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান করেন।

***************************

**Har Ghar Tiranga-Mohanpur :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ বিএসএফের ১০৪ নম্বর ব্যাটেলিয়নের অন্তর্গত মোহনপুর ফাঁড়িতে জওয়ানদের সঙ্গে হর ঘর তিরঙ্গা কর্মসূচি উদযাপন করেন। তিনি বিএসএফ জওয়ানদের হাতে জাতীয় পতাকা তুলে দেন। শ্রীনাথ বলেন, দেশকে স্বাধীন করতে জওয়ানরা বলিদান দিয়েছেন। তাদের বলিদান স্মরণ করতে হর ঘর তিরঙ্গা কর্মসূচি পালন করা হচ্ছে।

*************************

**Bikash Debbarma-Mungiyakami :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বর্তমান প্রকল্পগুলি গ্রামীন এলাকার জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে সহায়ক হয়ে উঠেছে। শিক্ষা, স্বাস্থ্য, পানীয় জল, বাসস্থান, গনবন্টন ব্যবস্থা শক্তিশালী করতে নিরলস ভাবে কাজ করছে সরকার। আজ মুঙ্গিয়াকামি আরডি ব্লকের অন্তর্গত আঠারমুড়া পাহাড়ের পাদদেশে ৪৩ মাইল গ্রামে "জনগণের দুয়ারে সরকার" কর্মসূচিতে অংশ গ্রহণ করে তিনি একথা বলেন। শ্রী দেববর্মা আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে "সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস, সবকা প্রয়াস" এই মন্ত্রকে সামনে রেখে রাজ্য সরকার প্রত্যন্ত জনপদের উন্নয়নে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**************************

**Package Story–TB–Mukt Bharat Abhiyaan :**

যক্ষ্মা রোগ নির্মূল করার দেশব্যাপী অভিযানে ত্রিপুরা আজ শীর্ষস্থানীয় জায়গায় আছে। একশো দিনের টিবি বা যক্ষ্মা মুক্ত ভারত অভিযানের আওতায় রাজ্যের ভূমিকার স্বীকৃতি হিসেবে বেস্ট  পারফর্মিং স্টেট অ্যাওয়ার্ড ত্রিপুরার অন্যতম প্রাপ্তি। জানালেন জাতীয় স্বাস্থ্য মিশনের রাজ্য স্তরের অধিকর্তা বা মিশন ডিরেক্টর সাজু ওয়াহিদ এ। একটি প্রতিবেদন।

########VC#######

**************************

**Sonamura PS :**

সোনামুড়া মহকুমার কলমক্ষেত এলাকায় বৃদ্ধ গৃহকর্তাকে খুন ও গৃহিণীকে রক্তাক্ত করে স্বর্ণালংকার লুটপাটের ঘটনায় এখনো পর্যন্ত পুলিশ ৪ জন অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর জানিয়েছেন, আদালত অভিযুক্তদের ৭ দিনের পুলিশ রিমান্ডে পাঠিয়েছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound  Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ–আই–আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে–এ এ–আই–আর–নিউজ–এলার্টস–এ। ইউ–টিউব–এ লক্ষ্য করুন নিউজ–অন–এআইআর–অফিসিয়াল–এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ–আই–আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত কৃষক, মৎস্যজীবি এবং গো-পালকদের স্বার্থের সঙ্গে কখনও আপস করবে না। আজ নতুনদিল্লিতে এমএস স্বামীনাথন শতবর্ষ আন্তর্জাতিক সম্মেলনে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী বলেন যে কৃষকদের কল্যাণ তাঁর সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি বলেন যে সরকার কৃষকদের আয় বৃদ্ধি এবং কৃষিকাজে ব্যয় হ্রাস করার জন্য ক্রমাগত কাজ করে চলেছে। তিনি উল্লেখ করেন যে সরকার কৃষকদের শক্তিকে জাতির অগ্রগতির ভিত্তি হিসাবে স্বীকৃতি দিয়েছে। প্রধানমন্ত্রী আজ ভারতকে বিশ্বের এক নম্বর দুধ, ডাল এবং পাট উৎপাদনকারী দেশ হিসেবে তুলে ধরেন। তিনি বলেন, গত বছর ভারত সর্বোচ্চ খাদ্যশস্য উৎপাদনে রেকর্ড করেছে। তিনি বলেন, ডঃ স্বামীনাথন ভারতকে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, আজও ভারতের কৃষিক্ষেত্রে তাঁর ধারণা এবং দৃষ্টিভঙ্গি দৃশ্যমান। তিনি জলবায়ু-সহনশীল ফসলের বিভিন্ন ধরণের বিকাশ এবং তাপ-প্রতিরোধী ফসলের উপর জোর দেওয়ার প্রয়োজনীয়তার কথা বলেন।

######Byte-PM#####

প্রধানমন্ত্রী বলেন, সরকার অধ্যাপক স্বামীনাথনকে ভারতরত্ন দিয়ে সম্মানিত করার সুযোগ পেয়েছে। তিনি উল্লেখ করেন যে, গত দশ বছরে, তাঁত ক্ষেত্র সারা দেশে একটি নতুন পরিচয় এবং শক্তি পেয়েছে।

*****************************

**Giriraj Singh :**

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং আজ নতুনদিল্লিতে সন্ত কবীর হস্তচালিত তাঁত পুরস্কার এবং জাতীয় হস্তচালিত তাঁত পুরস্কার ২০২৫ প্রদান করেন। এই পুরস্কারের লক্ষ্য হল, এই ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন এমন তাঁতি, নক্সাকারী, বিপণনকারী, স্টার্ট-আপ এবং প্রযোজক সংস্থাগুলির কাজের স্বীকৃতি প্রদান করা। একাদশ জাতীয় তাঁত দিবস উপলক্ষে

আয়োজিত সমাবেশে শ্রী সিং বলেন যে আজ বিশ্ব টেঁকসই বস্ত্র পণ্যের দাবি করছে এবং ভারতীয় তাঁত শিল্প সেই চাহিদা পূরণ করছে। মন্ত্রী বিশ্বজুড়ে তাঁত পণ্য জনপ্রিয় করার আহ্বান জানান।

**************************

**VP Election :**

নির্বাচন কমিশন আজ উপ-রাষ্ট্রপতি নির্বাচনের জন্য মনোনয়ন দাখিলের বিজ্ঞপ্তি জারি করেছে। উপ-রাষ্ট্রপতি পদের জন্য মনোনয়ন জমা দেওয়া যাবে ২১শে আগস্ট পর্যন্ত এবং নির্বাচন অনুষ্ঠিত হবে ৯ই সেপ্টেম্বর।

গত মাসে উপ-রাষ্ট্রপতি পদ থেকে জগদীপ ধনখড়ের পদত্যাগের পর এই নির্বাচন হবে ১৭তম উপ-রাষ্ট্রপতি নির্বাচন। মনোনয়নপত্র পরীক্ষা করা হবে ২২ আগস্ট এবং প্রার্থী পদ প্রত্যাহারের শেষ তারিখ ২৫ তারিখ।

*******************************

**National Flag Quiz :**

সরকার জাতীয় পতাকা সম্পর্কে সকল নাগরিকের জ্ঞান পরীক্ষা করার জন্য একটি দেশব্যাপী অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করেছে। যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক আজ এক বিবৃতিতে জানিয়েছে, এই কুইজটি 'মেরা যুবা ভারত' উদ্যোগের আওতায় অনুষ্ঠিত হচ্ছে এবং নাগরিকরা মাই ভারত পোর্টালে কুইজে অংশগ্রহণ করতে পারবেন। তাদের অংশগ্রহণের স্বীকৃতিস্বরূপ, সমস্ত প্রতিযোগীকে একটি ই-সার্টিফিকেট প্রদান করা হবে। এতে বলা হয়েছে, সর্বোচ্চ নম্বর অর্জনকারী পঁচিশ জন অংশগ্রহণকারীকে কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়ার সঙ্গে সিয়াচেন ভ্রমণের সুযোগের জন্য নির্বাচিত করা হবে।

****************************

**Workshop :**

কালী খাসা এবং হরি নারায়ণ এই দুটি সুগন্ধি যুক্ত ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে খোয়াই মহকুমার কৃষকদের নিয়ে আজ পহরমুড়া বলাকা

কমিউনিটি হলে বিশেষ প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। খোয়াই কৃষি মহকুমার উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরে কৃষকদের প্রশিক্ষণ দেন অরুন্ধতীনগরস্থিত রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের যুগ্ম অধিকর্তা ডঃ উত্তম সাহা এবং উপ-অধিকর্তা অমিতাভ চক্রবর্তী। সঙ্গে ছিলেন খোয়াই কৃষি তত্ত্বাবধায়ক প্রদ্যোৎ কুমার দে।

****************************************

**Accident :**

খোয়াই মহকুমার ধলাবিলে আজ সকালে সড়ক দুর্ঘটনায় আরতি দাস নামে এক শিক্ষিকার মৃত্যু হয়েছে। তিনি সোনাতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের শিক্ষিকা ছিলেন। তাঁর বাড়ি মহাদেব টিলায়।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪.৩ মিলিমিটার।

*******************************